

## অড়হড়

**জাত** -উপাস - ১২০, টি-২১, প্রভাত, মুক্তা, শ্বেতা, চুনি ।

**বীজ বোনার সময়** :- জৈষ্ঠ্য এবং ভাদ্র - আশ্বিন মাসে বীজ বপন করুন।

**বীজের পরিমাণ** :- ২- ২.৫ কেজি প্রতি কানি।

**বীজ শোধন** :- হালকা রোদে বীজ ভালো করে শুকিয়ে প্রতি কেজি বীজের সাথে ১ গ্রাম ম্যাকোজেব এবং ১ গ্রাম কার্বেনডাজিম বীজ বোনার ৭-১০ দিন আগে ভালো করে মিশিয়ে নিতে হবে।

**জমি তৈরী** :- দুই তিন বার ভাল ভাবে চাষ দিয়ে জমি তৈরি করুন। আগাছা পরিষ্কার করুন। বীজ বোনার সময় জমিতে যেন সঠিক মাত্রায় জো থাকে।

**সারের পরিমাণ এবং সার প্রয়োগের সময়** :- কানি প্রতি

গোবর সার বা খামার পঁচা সার - ৮০০ কেজি,

ইউরিয়া - ৭ কেজি,

সুপার ফসফেট - ৪০ কেজি,

গোবর সার বা খামার পঁচা সার প্রথম চাষে বাকি সব সার মূল জমি তৈরি করার সময় প্রয়োগ করুন।

**বীজ বপনের দূরত্ব** :- সারি থেকে সারি ৬০ সেমি, বীজ থেকে বীজ ২০ সেমি, দূরত্ব বজায় রাখুন।

**জলসেচ ব্যবস্থা** :- অড়হড় সাধারণত শুকা মরসুমের ফসল কিন্তু যদি দীর্ঘ দিন বৃষ্টি না হয় তবে সেচের ব্যবস্থা করুন। ফুল আসার সময় সেচ দিতে হবে।

**অন্তর্বর্তী পরিচর্যা** :- ২০ - ২৫ দিন পর ভাল করে আগাছা পরিষ্কার করুন এবং গাছের গোড়ায় হালকা করে মাটি দিয়ে দিন।

**সময় কাল** :- ১৫০ - ১৮০ দিন।

**উৎপাদন** :- কানি প্রতি উৎপাদন ১৫০ - ২৫০ কেজি।